দৈনিক বাংলা

তারিখ 09 SEP 1993
পৃষ্ঠা ৭ কলাম ৪

১৭

# ইবতেদায়ী মাদ্রাসা বেসরকারী প্রাথমিক স্কুলের সমান সুযোগ পাবে

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বুধবার এখানে ঘোষণা করেন যে দেশের প্রতিটি ইউনিয়নের একটি ইবতেদায়ী মাদ্রাসাকে বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের অনুরূপ সুযোগ-সুবিধা দেয়া হবে। খবর বাসসর।

বেগম জিয়া বলেন, যেসকল ইউনিয়নে শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচী চালু রয়েছে সেখানে একটি ইবতেদায়ী মাদ্রাসাকে নয়া প্রবর্তিত শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীর আওতায় আনার বিষয়টিও সরকার সক্রিয়ভাবে বিবেচনা করছেন। সময়মত

(৮-এর,পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## ইবতেদায়ী মাদ্রাসা

(প্রথম পৃঃ পর)

মাদ্রাসা শিক্ষার উন্নয়ন এবং সংস্কারের জন্য শীগগীর জাতীয় কমিটি গঠন করা হবে বলে প্রধানমন্ত্রী জানান।

প্রধানমন্ত্রীর সুগন্ধা অফিসে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক সমিতির প্রতিনিধিদলের বৈঠকে বেগম জিয়া এই আশ্বাস দেন।

বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী প্রফেসর এমএ মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেনঃ তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা, পূর্তমন্ত্রী ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়া, নৌ-পরিবহন উপমন্ত্রী এবং মাদ্রাসা শিক্ষক সমিতির উপদেষ্টা এবিএম জাহিদুল হক, জাতীয়তাবাদী উলেমা দলের সভাপতি মওলানা এসএম রুহুল আমিন এবং ঢাকা বিভাগের প্রতিনিধি হাবিবুল্লাহ মোজাদ্দেদি, খুলনা বিভাগের মওলানা রওশন আলী; চট্টগ্রাম বিভাগের মওলানা আব্দুল আওয়াল শিকদার, রাজশাহী বিভাগ থেকে প্রফেসর ফজলুল করিম এবং বরিশাল বিভাগ থেকে প্রফেসর নুরুল ইসলাম।

প্রধানমন্ত্রী ধর্মীয় মূল্যবোধ, দেশপ্রেম ও জাতীয়তাবাদে উদ্বুদ্ধ হতে এবং জাতীয় স্বাধীনতা রক্ষা, অর্থনৈতিক উন্নতি এবং গণতন্ত্রের ভিতকে শক্তিশালী করার লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে কাজ করে যাবার জন্য দেশের আলেম ও ধর্মীয় নেতৃবৃন্দের প্রতি আহবান জানান। তিনি জনগণ ও দেশের মঙ্গলের জন্য ধর্মীয় বিশ্বাস ও অনুষ্ঠানের ওপর গুরুত্ব আরোপ করেন।

প্রধানমন্ত্রী বলেন, ন বছরের দীর্ঘ স্বৈরশাসনামলে অসদুদ্দেশ্য সাধনের জন্য সুপরিকল্পিতভাবে মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং জনগণের নৈতিক ও ধর্মীয় মূল্যবোধ ধ্বংস করে দেয়া হয়। এ আমলে ধর্মকে ধ্বংস করার উদ্দেশ্যেই ধর্মকে ব্যবহার করা হয়েছে কোন মহৎ উদ্দেশ্য সাধনে নয়।

বেগম খালেদা জিয়া বলেন, স্বৈর-শাসনামলে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক সমিতির নামে কয়েকজন ভুয়া ধর্মীয় নেতা ধর্ম ও ধর্মীয় নেতাদের ব্যবহার করার চেষ্টা চালিয়েছিল।

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান মাদ্রাসা শিক্ষা ও শিক্ষকদের যথাযোগ্য প্রতিষ্ঠা এবং মর্যাদা প্রদানের ব্যবস্থা গ্রহণ করেছিলেন বলে প্রধানমন্ত্রী জানান।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, বর্তমান সরকার মাদ্রাসা শিক্ষার উন্নয়ন এবং সময়োপযোগী করার ব্যাপারে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের নীতি অনুসরণ করবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, সাধারণ শিক্ষা এবং বিজ্ঞান ও কারিগরি শিক্ষার পাশাপাশি পরিচালিত হবে। গণশিক্ষা ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী সফল করার লক্ষ্যে আলেমগণকে দায়িত্ব গ্রহণের জন্য তিনি আহবান জানান।

যারা ধর্মকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করতে চায় তাদের প্রতিরোধ করার জন্য প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া আলেমগণের প্রতি আহবান জানান।

### সিলেট মহিলা কলেজ

সিলেট মহিলা কলেজের একটি ছাত্রী প্রতিনিধিদল বুধবার রাতে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে তার সুগন্ধা কার্যালয়ে সাক্ষাৎকরেন।

কলেজ ছাত্রী সংসদের ভাইস প্রেসিডেন্ট সামিয়া বেগম চৌধুরীর নেতৃত্বে প্রতিনিধিদলটি কলেজ ও ছাত্রীদের বিভিন্ন সমস্যা সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। প্রধানমন্ত্রী তাদের সমস্যার প্রতি লক্ষ্য রাখবেন বলে আশ্বাস দেন।